



প্রতিমন্ত্রীর বিরুদ্ধে মিথ্যা সংবাদ প্রচারের অভিযোগে পত্রিকার সম্পাদক গ্রেপ্তার



প্রতিমন্ত্রী মীর শাহে আলম ও 'দৈনিক অগ্রযাত্রা প্রতিদিন' পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক রেজানুর ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলমের বিরুদ্ধে ভুয়া, বিভ্রান্তিকর ও মানহানিকর তথ্য প্রচারের অভিযোগে 'অগ্রযাত্রা প্রতিদিন'-এর ভারপ্রাপ্ত সম্পাদককে গ্রেপ্তার করেছে পুলিশ।

এর আগে গত রবিবার (১৫ জুন) বগুড়ার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সদর আমলি আদালতে বগুড়া প্রেসক্লাবের কোষাধ্যক্ষ তানভীর আলম বাদী হয়ে মামলাটি করেন। শুনানি শেষে আদালত অভিযোগটি আমলে নিয়ে তা এজাহার হিসেবে গ্রহণের নির্দেশ দেন এবং সংশ্লিষ্ট থানাকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে আদেশ দেন।

মামলায় বাংলাদেশ দণ্ডবিধির ৫০০, ৫০১, ৫০৪ ও ১০৯ ধারায় অভিযোগ আনা হয়েছে। অভিযুক্তদের মধ্যে রয়েছেন দৈনিক অগ্রযাত্রা প্রতিদিন-এর প্রকাশক ও সম্পাদক মেহেদী হাসান, বার্তা সম্পাদক আশরাফ আলী ফারুকী, প্রতিবেদক সালেহ কায়সার এবং বগুড়া প্রতিনিধি শামস।

অভিযোগে বলা হয়, তারা পরিকল্পিতভাবে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য প্রকাশ করে প্রতিমন্ত্রী মীর শাহ আলমসহ সংশ্লিষ্টদের সামাজিক ও রাজনৈতিক সুনাম ক্ষুণ্ণ করার চেষ্টা করেছেন।